# এনডিপি বার্তা

সংখ্যা ১৫। বর্ষ ৯। জানুয়ারী - মার্চ, ২০১৮

## সূচিপত্র


- এনডিপি'র ২৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন ১
- এমজেএফ'র প্রতিনিধিদলের জেন্ডার সহিংসতা প্রতিরোধ প্রকল্প পরিদর্শন,
- বেড়ায় সমৃদ্ধি কর্মসূচি'র স্বাস্থ্য ক্যাম্প,
- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্ন সচিবের এমফোরসি প্রকল্প পরিদর্শন ২
- হেইফার ইন্টারন্যাশনালের ভারতীয় প্রতিনিধি দলের ইএসএল প্রকল্প পরিদর্শন,
- চৌহালীতে শিক্ষা সহায়তা কর্মসূচির মা-সমাবেশ,
- বেলকুচিতে প্রেপসি প্রকল্পের Sensitization Meeting ৩
- ভ্যালু চেইন প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা ও উপকরন বিতরণ,
- প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ২০১৮ পালন,
- বারি সরিষা-১৭ এর কৃষক মাঠ দিবস ৪
- এনডিপি'র উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে ১২জন নারীর মাঝে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ,
- বগুড়ায় ৮০০ পরিবারে ত্রাণের উপকরণ সামগ্রী বিতরণ,
- সৌহাদ্য-৩ কর্মসূচি'র ফলাফল ট্র্যাকিং ব্যবস্থাপনা প্রশিক্ষণ ৫
- বগুড়ায় ২টি শিক্ষা চর্চা কেন্দ্র উদ্বোধন,
- সৌহাদ্য-৩ কর্মসূচি'র ফলাফল ট্র্যাকিং ব্যবস্থাপনা প্রশিক্ষণ,
- প্রবীণ কল্যাণ কর্মসূচি'র রোগীদের জন্য বিশেষজ্ঞ ডাক্তার,
- কৃষি উপকরণ প্রমোশন কর্মশালা ৬
- কামারখন্দে মিনি ম্যারাথন অনুষ্ঠিত,
- নারীর জীবনমান উন্নয়নে কাজ করছে এনডিপি ৭
- "এনডিপি বার্তা" সংবাদ,
- ৫০০ শীতার্ত পরিবারের মাঝে কম্বল বিতরণ,
- কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া ৮


## সম্পাদনা পরিষদ

*সম্পাদক ঃ*

মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

*প্রণয়নে ঃ*

ড. এবিএম সাজ্জাদ হোসেন
পরিচালক, পিএন্ডআরএম

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ম্যানেজার (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

*প্রকাশনায় ঃ*

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

## এনডিপি'র ২৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন




১লা জানুয়ারি ২০১৮ এনডিপি'র ২৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে এনডিপি'র প্রধান কার্যালয়ে কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা। তিনি উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন- এনডিপি আজ ২৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করছে এটা অনেক গৌরবের বিষয়। বাংলাদেশে অনেক এনজিও আছে যারা কিছুদিন পরেই ঝরে পড়েছে। আবার অনেক এনজিও আছে যারা ২৬ বছরেরও বেশি বয়সি কিন্তু তারা সঠিক দিক নির্দেশনার অভাবে খুব বেশি এগুতে পারেনি। কিন্তু নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর নেতৃত্বে সঠিক পথে আছে এনডিপি। অন্যান্য আরও বড় এনজিওগুলোর মতোই সরকারের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে এনডিপি প্রশাসনের সাথে একযোগে কাজ করছে। তারপরও তিনি টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্য অর্জনে এনডিপিকে আরও বেশি ভূমিকা রাখার আহ্বান জানান। বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মুহাম্মদ কামরুল হাসান বলেন- এনডিপি বর্তমানে একটি সুসংগঠিত বেসরকারি উন্নয়ন সংস্থা। এটি একদিনে হয়নি। নির্বাহী পরিচালকের বলিষ্ঠ নেতৃত্বে ৮ শতাধিক কর্মী বাহিনীর পরিশ্রমের ফসল আজকের এনডিপি।

অনুষ্ঠানে নির্বাহী পরিচালক, এনডিপি বলেন- ২৬ বছর আগে ১৯৯২ সালের ১লা জানুয়ারি এনডিপি খুব ছোট পরিসরে শুধু কামারখন্দ উপজেলার বাগবাড়ি গ্রাম থেকে যাত্রা শুরু করে। আজ সিরাজগঞ্জ সহ এর আশেপাশের ৬টি জেলায় শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, প্রতিবন্ধিতা ও উন্নয়ন, প্রবীণ কল্যাণ কর্মসূচি, বাজার ব্যবস্থার উন্নয়ন, এনার্জি এন্ড এনভায়রনমেন্ট, জেন্ডার এন্ড রাইটস কর্মসূচি, আলোকিত গ্রাম কর্মসূচি, ঋণ সহায়তা কর্মসূচি, সৌহার্দ-৩, সমৃদ্ধি, উজ্জীবিতসহ মোট ৩০টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করছে। বর্তমান সুবিধাভোগী ৩ লক্ষাধিক। তাই এনডিপি প্রতি বছর এই দিনটিকে "এনডিপি ডে" হিসেবে পালন করে থাকে।

অনুষ্ঠানে এনডিপি'র সকল স্তরের কর্মকর্তা কর্মচারী উপস্থিত থেকে দিনটিকে আনন্দের সাথে উদযাপন করেন। সবশেষে সভাপতি সংস্থার চেয়ারপারসন আলেয়া আখতার বানু এনডিপি'র ২৬ বছরের সফলতা ও সামনে এগিয়ে যেতে আরও পরিশ্রমের কথা উল্লেখ করেন।

## সিরাজগঞ্জ জেলা প্রশাসকের সৌহার্দ্য-III প্রকল্প পরিদর্শন

১৪ ফেব্রুয়ারি ২০১৮ জেলা প্রশাসক সিরাজগঞ্জ কামরুন্নাহার সিদ্দীকা এনডিপি বাস্তবায়িত সৌহার্দ্য-III কর্মসূচি'র মাঠ কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে তার সঙ্গে এনডিপির নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওলিউজ্জামান ও দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক বেলকুচি উপজেলার দৌলতপুর ইউনিয়নের ১০ জন বেকার যুবক/যুবতীদের পাওয়ারলুম বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, সম্পুরক খাদ্য বিতরণ কার্যক্রম, ভ্যাকসিনেটরদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিদর্শন শেষে কর্মসূচি'র মিশ্র দলের সাথে মতবিনিময় সভা করেন। মত বিনিময়কালে দলের সকলকে পরিবার ছোট রাখা এবং ছেলে মেয়েদের পড়ালেখার পাশাপাশি নৈতিক শিক্ষা দেওয়ার আহবান জানান। পরিদর্শন শেষে তিনি বলেন- বেকার যুবক/যুবতীদের উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ও ভ্যাকসিনেটরদের দক্ষতা উন্নয়নে সৌহার্দ্য- III গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়া



এনডিপি কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্প/কর্মসূচি সুষ্ঠভাবে পরিচালনা করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

## বেড়ায় সমৃদ্ধি কর্মসূচি'র স্বাস্থ্য ক্যাম্প

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি সহায়তায় এনডিপি-সমৃদ্ধি কর্মসূচি ৪ মার্চ ২০১৮ তারিখে পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়ন পরিষদে স্বাস্থ্য সেবা ক্যাম্পের আয়োজন করে। সারাদিন ব্যাপী আয়োজিত ক্যাম্পটির মাধ্যমে ইউনিয়নের ০৮টি গ্রামের প্রায় ২০০ রোগীকে ৩ জন বিশেষজ্ঞ ডাক্তার (মেডিসিন, চক্ষু ও গাইনী) দ্বারা বিভিন্ন রোগের পরামর্শ ও প্রতিকার সম্পর্কে ধারনা প্রদান করেন। কার্যক্রমটির উদ্বোধন করেন নচাকলা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ ফারুক হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ আইয়ুব হোসেন উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বেড়া,পাবনা। এছাড়া এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গও উপস্থিত ছিলেন। প্রধান অতিথি কার্যক্রমটির উদ্বোধনে বলেন- এনডিপি-সমৃদ্ধি কর্তৃক প্রতি ৩ মাস পর পর এই স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করায় এলাকার অনেকেই আজ সুচিকিৎসা পাচ্ছেন এবং রোগ বালাই দমনে সচেতন হচ্ছেন। ক্যাম্পেইনে সমৃদ্ধি কর্মসূচি'র স্বাস্থ্য কর্মকর্তা ইয়াসমিন আক্তার ডাক্তারদের সার্বিক সহযোগিতা করেন। উল্লেখ্য এনডিপি ২০১৪ সাল থেকে পাবনা ও নাটোর জেলার বেড়া ও গুরুদাসপুর উপজেলায় কর্মসূচিটি বাস্তবায়ন করছে।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্ম সচিবের এমফোরসি প্রকল্প পরিদর্শন



গত ৩১ শে মার্চ ২০১৮ ইং তারিখে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির নেতৃত্বে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের যুগ্ম সচিব মোঃ মোকাব্বির হোসেন সিরাজগঞ্জ জেলার চরাঞ্চলে বাস্তবায়িত মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা যমুনা, পদ্মা এন্ড তিস্তা চরস (এমফোরসি) প্রকল্প পরিদর্শন করেন। তিনি সিরাজগঞ্জ সদর উপজেলার কাওয়াকোলা ইউনিয়নের দোগাছি গ্রামে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। তাঁর সঙ্গে ছিলেন কুমিল্লা বাড এর দুইজন প্রতিনিধিসহ আরডিএর পরিচালক ড. মোঃ আব্দুল মজিদ, উপ-পরিচালক রেবেকা সুলতানা এবং আরডিএর কয়েকজন গবেষক। এমফোরসি প্রকল্পের পক্ষ থেকে প্রকল্প টিমলিডার সুব্রত কুমারসহ অন্যান্য কর্মকর্তাও উপস্থিত ছিলেন। পরিদর্শন দলটিকে সরেজমিনে মাঠ পরিদর্শনে সহায়তা করেন এনডিপি'র মোঃ শামছুল আলম (ইন্টারভেনশন স্পেশালিষ্ট) ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা। পরিদর্শন কালে তিনি কয়েকজন কৃষক, চরাঞ্চলের কৃষি পণ্য ব্যবসায়ী, এবং কৃষি সেবাদানকারীর সাথে কথা বলে চরাঞ্চরের কৃষি উৎপাদনের বর্তমান পরিস্থিতি এবং ভুট্টা, মরিচ, ধান, মাসকালাইসহ চরাঞ্চলের উৎপাদিত পণ্যের খরচ ও লাভের হিসাব করে সন্তোষ প্রকাশ করেন। শেষে পরিদর্শনকারীরা এনডিপির নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন এবং উপ-পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ এর সাথে বসে এমফোরসি প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা বিনিময় করেন। সবশেষে সচিব বলেন- এমফোরসি প্রকল্পের অভিজ্ঞতা কাজে লাগিয়ে আরডিসিডির নতুন প্রকল্প তৈরী ও বাস্তবায়নে গুরুত্বপুর্ন ভুমিকা পালন করবে। উল্লেখ্য প্রকল্পটি চরাঞ্চলের কৃষকদের কৃষি উৎপাদন বৃদ্ধি, বাজার ব্যবস্থার উন্নয়ন, সহজে কৃষকদের কৃষি ঋন প্রাপ্তির সুবিধা, যোগাযোগ, নারীর ক্ষমতায়ন সহ সঠিক মুল্যে উৎপাদিত পণ্য বিক্রির জন্য বিভিন্ন ধরনের কাজ করে আসছে।

## এমজেএফ'র প্রতিনিধি দলের জেন্ডার সহিংসতা প্রতিরোধ প্রকল্প পরিদর্শন

২৮-২৯ জানুয়ারি ২০১৮ মানুষের জন্য ফাউন্ডেশনের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল এনডিপি বাস্তবায়িত জেন্ডার সহিংসতা প্রতিরোধ প্রকল্প পরিদর্শন করেন। সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়াহরিপুর ও সয়দাবাদ ইউনিয়নের চারটি গ্রামে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন দলের নেতৃত্ব দেন মানুষের জন্য ফাউন্ডেশনের পরিচালক ডাঃ শামীম ইমাম। তাঁর সঙ্গে ছিলেন এমজেএফ'র প্রোগ্রাম ম্যানেজার মোহাম্মাদ জাহেদ হাসান প্রমূখ।



পরিদর্শনকালের প্রথম দিন দুপুরে সয়দাবাদ ইউনিয়নের দুখিয়াবাড়ি গ্রামে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর নামের পুরুষ দলের অবহিতকরণ সভায় ২৫ জন সদস্যের সাথে নারী-পুরুষ সমতা, নারীর মানবাধিকার বিষয়ে কথা বলেন। তিনি বলেন-সমাজে নারীর প্রতি সহিংসতা, বাল্যবিবাহ ও পারিবারিক সহিংসতায় নারী-পুরুষ একযোগে প্রতিরোধ গড়ে তুলতে হবে। বিকালে কালিয়া হরিপুর ইউনিয়নের কাজি পাড়ায় কবি জসিম উদ্দিন নামক ইয়ুথ যুব দলের ২৯ জন সদস্যের সাথে কারিগরি বিষয় নিয়ে আলোচনা করেন। এরপর সরকার পাড়া গ্রামে রোকেয়া ব্রিগেড নামক কিশোর-কিশোরী দলের সভায় মতবিনিময় করেন।

পরদিন সোমবার সয়দাবাদ ইউনিয়নের ডিগ্রীর চর গ্রামে সুফিয়া কামাল নামক নারী দলের ২৫ জন সদস্যের সাথে সমাজে নারীর ভূমিকার উপর গুরুত্ব তুলে ধরেন। এক্ষেত্রে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা করতে নারীদের সোচ্চার হওয়ার আহবান জানান। পরিদর্শন দলের সাথে নির্বাহী পরিচালক, এনডিপি মো: আলাউদ্দিন খান উপস্থিত ছিলেন। তিনি বলেন-এমজেএফ'র মতো এনডিপিও নারীর প্রতি সহিংসতা, নারীর অধিকার, নারী নির্যাতন, যৌতুক, বাল্যবিবাহসহ নানা কার্যক্রম বাস্তবায়ন করছে। এনডিপি চায় সকল নারী-পুরুষ সমাজে সম্মানের সাথে অবস্থান করুক। কেননা নারীদের পিছনে রেখে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। প্রতিনিধি দলকে স্বাগত জানান পরিচালক (কর্মসূচি) মো: শাহ আজাদ ইকবাল এবং পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এছাড়াও এনডিপি'র পক্ষ থেকে পরিদর্শন দলের সাথে মাঠে সহায়তা করেন প্রকল্প সমন্বয়কারি এবং মাঠ সংশ্লিষ্ট কর্মকর্তা।

## হেইফার ইন্টারন্যাশনালের ভারতীয় প্রতিনিধি দলের ইএসএল প্রকল্প পরিদর্শন



২৮ মার্চ ২০১৮ হেইফার ইন্টারন্যাশনালের ভারতীয় প্রতিনিধি দল এনডিপি বাস্তবায়িত ইএসএল প্রকল্প পরিদর্শন করেন। নাটোরের লালপুরে বাস্তবায়িত ইএসএল প্রকল্প পরিদর্শন দলে ভারতের হেইফার ইন্টারন্যাশনালের কান্ট্রি ডিরেক্টর অভনি মালহোত্রা সেঠ, কর্মসূচি ব্যবস্থাপক প্রবাহরন রাজারাথিনান ও রাব্দির কুমার উপস্থিত ছিলেন। ভারতীয় প্রতিনিধি দলের সাথে হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর সিদ্দিকুর রহমান, সহকারি কান্ট্রি ডিরেক্টর কৌশিক দাস, কর্মসূচি কর্মকর্তা হারুন অর রশিদ প্রমূখ প্রকল্প কর্তৃক বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন।

প্রতিনিধি দলটি মাঠ পর্যায়ের দলীয় সভায় উপস্থিত হয়ে সদস্যদের সাথে মতবিনিময় করেন। এছাড়া গাভি পালন, ষাড় মোটাতাজাকরণ, কৃষিপন্য উৎপাদন ও বহুমুখীকরন এবং স্ব-উদ্যোগে তৈরিকৃত গরু ও ছাগলের খামার এবং সমবায় সমিতির মাধ্যমে তৈরিকৃত ব্রিডিং ফার্ম পরিদর্শনকালে নিজেদের অভিজ্ঞতা তুলে ধরেন এবং খামারীদের কাছ থেকে প্রকল্প বাস্তবায়নের কার্যকারিতা বিষয়ে ধারনা গ্রহণ করেন। প্রকল্পের কার্যক্রমগুলো সফলভাবে বাস্তবায়ন হওয়ায় প্রতিনিধি দলটি সন্তোষ প্রকাশ করেন এবং এনডিপি ও হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

এনডিপি'র পক্ষ থেকে পরিদর্শন দলটিকে সার্বিক সহযোগিতা করেন পরিচালক (পিআরএম,এনডিপি) ড. এবিএম সাজ্জাদ হোসেন। উল্লেখ্য প্রকল্পটি ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত সমাজ গড়ার প্রত্যয় নিয়ে ৪৭টি দলের মাধ্যমে ১,১৭৫ জন উপকারভোগীর সাথে কাজ করছে।

## বেলকুচিতে প্রেপসি প্রকল্পের Sensitization Meeting

১৪ মার্চ ২০১৮ তারিখে এনডিপি কর্তৃক বাস্তবায়িত Protection of Rights and Entitlement of PWDs through Social Inclusion (PREPSI) প্রকল্পের Sensitization Meeting of UPRF অনুষ্ঠিত হয়। UNDP এর সহযোগিতায় বেলকুচি উপজেলা সমাজসেবা কার্যালয়ে Sensitization Meeting of UPRF এর সদস্যদের নিয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বেলকুচি উপজেলা সমাজসেবা কর্মকর্তা জেল হোসেন। স্বাগত বক্তব্যে এনডিপি'র সহকারি ব্যবস্থাপক (শিক্ষা ও প্রতিবন্ধিতা কর্মসূচি) শিপন চন্দ্র নাগ। প্রকল্পের বাস্তবায়নকৃত এলাকা, লক্ষ্য, উদ্যেশ্য এবং কার্যক্রম বিষয়ে সংক্ষিপ্তভাবে তুলে ধরেন। বক্তারা প্রতিবন্ধীদের অধিকার রক্ষার জন্য বাস্তবায়িত কার্যক্রম যেমন- সমাজে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি করে দেওয়া, প্রতিবন্ধী পরিচয় কার্ড, ভাতা কার্ড, ভিজিডি কার্ড, ইউনিয়ন পরিষদের বিভিন্ন কমিটিতে প্রতিবন্ধীদের অর্ন্তভূক্তিকরন, সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিতকরণ, স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহযোগিতা, সরকারের ৪০ দিনের কর্মসূচিতে প্রতিবন্ধীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং প্রতিবন্ধীদের জন্য সুদ বিহীন ঋণ প্রদান ইত্যাদি বিষয় তুলে ধরেন। বিশেষ অতিথির বক্তব্যে উপজেলা সমবায় কর্মকর্তা হোসেন শহীদ বলেন- এই মার্চ ২০১৮ এর মধ্যে জেলা সমবায় অফিসের মাধ্যমে বেলকুচি উপজেলার প্রতিবন্ধীদের জন্য "বেলকুচি প্রতিবন্ধী কল্যাণ সমবায় সমিতি" নামে একটি সমিতি রেজিষ্ট্রেশন করে দিবেন। সভায় অংশগ্রহনকারীগণ নিজ নিজ অবস্থান হতে প্রতিবন্ধীদের জন্য সক্রিয় ভাবে সহযোগিতা করবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন। সভায় আরও উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আহমেদ আব্দুল্লাহ, উপজেলা সমবায় কর্মকর্তা হোসাইন শহীদ, বড়ধুল ইউপি চেয়ারম্যান আছির উদ্দিন মোল্লা, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, হাসপাতালের প্রতিনিধি, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি, গ্রাম পুলিশ, সমাজ কর্মী, সাংবাদিক এবং বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের অভিভাবকবৃন্দ প্রমূখ।

## ভ্যালু চেইন প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা ও উপকরন বিতরণ

১৮ মার্চ ২০১৮ সকালে সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার বাগবাড়িস্থ এনডিপি প্রধান কার্যালয়ে ডেইরি ভ্যালু চেইন উন্নয়ন কর্মসূচির প্রারম্ভিক কর্মশালা ও উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়। কর্মশালার মূল শিরোনাম ছিল 'ডেয়রী কাস্টার উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধিকরণ'। এটির উদ্বোধন করেন ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক (কার্যক্রম), পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন। বিশেষ অতিথি ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ আক্তারুজ্জামান ভুইয়া। তিনি বলেন- আমারা পঞ্চাশ টাকা কেজি চাল কিনে খাই কিন্তু ত্রিশ টাকা সের দুধ ও পাঁচ টাকা পিস ডিম কিনে খেতে চাই না। অথচ এই উৎকৃষ্ট খাদ্য দুটি আমিষের ঘাটতি পূরণ করে থাকে। এজন্য তিনি এনডিপিকে স্কুল ফিডিং কার্যক্রমে ডিম ও দুধ খাওয়ানোর সুপারিশ করেন।

প্রধান অতিথি ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম বলেন, পিকেএসএফ শতভাগ স্বচ্ছতার সাথে সকল কর্মসূচি/প্রকল্প সাথে বাস্তবায়ন করে। সারাবিশ্বে পিকেএসএফ একটি রোল মডেলে পরিণত হয়েছে। আরো বলেন- দুধ উৎপাদনে সিরাজগঞ্জকে অগ্রগামি জেলা হিসেবে বিবেচনা করে দুধ এবং দুগ্ধজাত খাবার উৎপাদন ও বাজারজাত করার জন্য ডেইরি ভ্যালু চেইন কর্মসূচিটি বেছে নেওয়া হয়েছে।

উপস্থিত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাগণ পশুর রোগ দমনে সঠিক চিকিৎসার পাশাপাশি বাছুর, দুধ ও মাংস উৎপাদনে উন্নত প্রযুক্তির ব্যবহার বাড়াতে জোর দেন। এদিকে গরুর দুধের উপকারিতা ও বাজার চাহিদা বৃদ্ধির জন্য ইতিমধ্যে উল্লাপাড়া উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর প্রচারাভিযান চালু করেছে।

গবাদি পশুর বাসস্থান উন্নয়ন, খাদ্য চাহিদা পূরণ, চিকিৎসার নিশ্চয়তা বিধান এবং জাত উন্নয়ন প্রাণিসম্পদের এই চারটি মৌলিক বিষয় নিয়ে কর্মশালায় আলোচনা করা হয়। এখানে কর্মসূচি এলাকার প্রকল্প সংশ্লিষ্ট এলএসপি, এআই টেকনিশিয়ান, লিড খামারী ও এনডিপি'র বিভিন্ন স্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন।




স্বাগত বক্তব্যে এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ আজাদ ইকবাল। সভাপতিত্ব করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। তিনি বলেন- যতদিন মানুষ থাকবে ততদিন প্রাণিসম্পদের চাহিদা থাকবে। পিকেএসএফ'র ডেইরি ভ্যালু চেইন কর্মসূচিতে এনডিপিকে পার্টনার করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। উল্লেখ্য, এনডিপি সিরাজগঞ্জ জেলার ৬টি উপজেলায় ১৮,৫০০টি পরিবার নিয়ে কর্মসূচিটি বাস্তবায়ন করছে।

## প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ২০১৮ পালন



**"বাড়াবো প্রাণিজ আমিষ গড়বো দেশ, স্বাস্থ্য মেধা সমৃদ্ধির বাংলাদেশ"** স্লোগানকে সামনে রেখে জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা ২২ জানুয়ারি ২০১৮ প্রাণি সম্পদ সেবা সপ্তাহ ২০১৮ এর শুভ উদ্বোধন করেন। সিরাজগঞ্জ জেলা প্রশাসন ও প্রাণি সম্পদ বিভাগের আয়োজনে মুক্তির সোপানে আয়োজিত প্রাণিসম্পদ সেবা সপ্তাহ কার্যক্রমে এনডিপি স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ করেন। প্রাণি সম্পদ সেবা সপ্তাহ ২০১৮ তে এনডিপি বাস্তবায়িত প্রানিসম্পদ ইউনিট কর্তৃক তিনজাতের ঘাস, ভার্মি কম্পোষ্ট, ট্রাইকো কম্পোষ্ট, বায়োগ্যাস, মাচায় ছাগল পালন, খাচায় টার্কি পালন, উন্মুক্ত পদ্ধতিতে গাভী পালন সহ বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। মূলতঃ মানুষকে প্রাণিজ আমিষের ঘাটতি পূরণে এবং প্রাণিসম্পদ পালনে উদ্বুদ্ধ করতেই প্রাণিসম্পদ সেবা সপ্তাহ পালন করা হয়।

## বারি সরিষা-১৭ এর কৃষক মাঠ দিবস

কৃষি ইউনিটের আয়োজনে গত ১১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে কোনাবাড়িতে কৃষক মোছাঃ লিপি খাতুনের বাড়িতে বারি সরিষা-১৭ এর উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়। কামারখন্দ উপজেলায় অনুষ্ঠিত মাঠ দিবসে উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ জাহিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি মাঠ দিবসে বারি সরিষা-১৭ এর উৎপাদন এবং ফলাফলের উপর গুরুত্ব আরোপ করেন। আরো বলেন- এনডিপি সাধারণ কৃষকের মাঝে উন্নত জাতের বারি সরিষা-১৭ জাত পরিচিত করে আসলে সরকারের কৃষি বিভাগের সহায়ক হিসেবে কাজ করছে। মাঠ দিবসে আরো উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা (বারি) মোঃ সিরাজুল ইসলাম, উপ-সহকারি উদ্ভিদ সংরক্ষন কর্মকর্তা মোঃ গোলাম রব্বানি, কামারখন্দ উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান, মোঃ আব্দুল মান্নান। উপজেলা সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা (বারি) বলেন- বারি সরিষা-১৭ খুব উন্নত জাতের। এই সরিষা চাষ করলে ফলন বেশি পাওয়া যায় ফলে লাভ বেশি। মোঃ সাইফুল ইসলাম মাষ্টার এর সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবসে কৃষি ইউনিটের ফোকাল পারসন সহকারি পরিচালক (উন্নয়ন) মোঃ রফিকুল ইসলাম ও ঋণ সহায়তা কর্মসূচি'র এলাকা ব্যবস্থাপক মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।



## উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে ১২জন নারীকে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ



গতকাল উজ্জীবিত প্রকল্পভূক্ত ইউপিপি উজ্জীবিত কম্পোনেন্টের আওতায় RERMP-2 সদস্যদের ৩০দিন ব্যাপী সেলাই প্রশিক্ষণ শেষে এনডিপি ঋণ সহায়তা কর্মসূচি'র বাগবাড়ি শাখায় সমাপনী ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠিত হয়। ইউরোপীয়ান ইউনিয়ন এর অর্থায়নে ও পিকেএসএফ এবং এনডিপি'র বাস্তবায়নে সিরাজগঞ্জ, পাবনা ও নাটোর জেলায় বাস্তবায়িত প্রকল্পটির বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে এই অনুষ্ঠানের মাধ্যমে উল্লাপাড়া, কামারখন্দ ও সিরাজগঞ্জ সদর উপজেলার ১২ জন (৩ জন প্রতিবন্ধী নারী) প্রশিক্ষণপ্রাপ্ত নারীকে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা হয়। বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন। স্বাগত বক্তব্য দেন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচি'র উপ-পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ। প্রধান অতিথি কারিগরি প্রশিক্ষণ দিয়ে নারীদের সামনে এগিয়ে নিয়ে যাওয়ায় অবদান রাখায় এনডিপিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতিত্ব করেন এনডিপির নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন কামারখন্দ উপজেলা সমাজসেবা কর্মকর্তাসহ এনডিপির উজ্জীবিত প্রকল্প সমন্বয়কারি, এরিয়া ম্যানেজার প্রমুখ।

## বগুড়ায় ৮০০ পরিবারে ত্রাণের উপকরণ সামগ্রী বিতরণ

বগুড়া জেলার ধুনট ও সারিয়াকান্দি উপজেলার মোট ৮০০টি পরিবারের মাঝে এনডিপি'র উদ্যোগে ত্রাণের উপকরণ সামগ্রী বিতরণ করা হয়। ২০১৭ বন্যায় ক্ষতিগ্রস্থ ধুনট উপজেলার ২টি ইউনিয়ন (গোসাইবাড়ি ও ভান্ডারবাড়ি) এর ২০০টি এবং সারিয়াকান্দি উপজেলার ৮টি ইউনিয়ন (সদর, চন্দনবাইশা, নারচি, ভেলাবাড়ি, কর্ণিবাড়ি, কুতুবপুর, কাজলা ও ফুলবাড়ি) এর ৬০০টি পরিবারকে এই ত্রাণ সহায়তা প্রদান করা হয়। ত্রাণ সামগ্রীর মধ্যে ছিলো ২ বান্ডিল ঢেউটিন, ১টি ষ্টীলের ট্রাংক, ২টি কম্বল, ঢাকনাসহ পাতিল ২টি, হাত করাত ২টি, ১টি মশারি, ১টি স্কুল ব্যাগ, ১টি বিছানার চাদর। ধুনট উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া সুলতানা এবং সারিয়াকান্দি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান ত্রাণ বিতরণ কার্যক্রমে সরাসরি উপস্থিত থেকে সহযোগিতা করেন। এছাড়া উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ স্বপ্রনোদিত হয়ে সহায়তা প্রদান করেন। ১৮-২৩ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত এই ত্রাণ সহায়তা কাযক্রমে ধুনট ও সারিয়াকান্দি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সার্বিক সহযোগিতা করেন। চায়না এইডের অর্থায়নে ইউএনডিপি'র সহায়তায় বাস্তবায়িত "চায়না-ইউএনডিপি বাংলাদেশ ইমার্জেন্সী রেসপন্স ইনিশিয়েটিভ ফর আগষ্ট-২০১৭ ফাড" প্রকল্পের মাধ্যমে উক্ত ৮০০টি পরিবারকে ত্রাণ দেওয়া হয়। কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ৫ সদস্য বিশিষ্ট (ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব, ইউএনডিপি'র প্রতিনিধি, এনডিপি'র প্রতিনিধি এবং ইউপি চেয়ারম্যান মনোনীত একজন) ১টি কমিটি গঠন করা হয়। এনডিপি'র সহকারি পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামনের তত্ত্বাবধানে উপ-ব্যবস্থাপক (এমএন্ডই) নাজমুল হুদা ও মোঃ ফজল করিম (প্রকল্প সমন্বয়কারি, ভিজিডি প্রকল্প, এনডিপি) এনডিপি'র পক্ষে সরাসরি কার্যক্রমটি পরিচালনা করেন।



## চৌহালীতে শিক্ষা সহায়তা কর্মসূচির মা-সমাবেশ

এনডিপি বাস্তবায়িত শিক্ষা সহায়তা কর্মসূচি'র ২৩ ও ২৪ নম্বর শিক্ষা চর্চা কেন্দ্রের ছাত্র/ছাত্রীদে অভিভাবক নিয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়। সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায় চর কুরকী পশ্চিম পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ ই মার্চ অনুষ্ঠিত মা সমাবেশে স্বাগত বক্তব্য প্রদান করেন মোঃ আলউদ্দিন খান, নির্বাহী পরিচালক, এনডিপি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চৌহালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আনিসুর রহমান। তিনি বলেন-এনডিপি বাস্তবায়িত এই কর্মসূচি বিদ্যালয়গামী কচি, কোমলমতি শিশুদের পড়ালেখার প্রতি আগ্রহ বাড়িয়ে দেওয়ার পাশাপাশি অভিভাবকদেরও সন্তানদের প্রতি নজর রাখতে বিশেষ ভূমিকা পালন করছে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জহুরা পারভীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ শামীম জাহিদ তালুকদার, উপজেলা সহকারি শিক্ষা কর্মকর্তা মোঃ শাহজাহান মিয়া। আরো উপস্থিত ছিলেন চর কুরকী পশ্চিম পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শফিকুল ইসলাম, বিশরশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশেদা আক্তার, সাংবাদিকবৃন্দ, ছাত্র/ছাত্রী, অন্যান্য সহকারি শিক্ষকবৃন্দ, এসএমসি কমিটির সদস্যবৃন্দ ও পিটিএ সদস্যবৃন্দ। সমাবেশে বক্তারা এনডিপি'র শিক্ষা সহায়তা কর্মসূচিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ প্রসঙ্গে অনেকেই বলেন-এনডিপি শিক্ষা সহায়তা চর্চা কেন্দ্রের মাধ্যমে আমাদের সন্তানদের পড়ালেখার প্রতি মনোযোগি করে তুলছে এবং ভবিষ্যত স্বপ্ন দেখাতে সহায়তা করছে। এনডিপি'র নির্বাহী নুরুন নাহার, ম্যানেজার, এছাড়াও মানব সম্পদ প্রশাসন সোমা দাস সহকারী ব্যবস্থাপক, প্রশিক্ষণ বিভাগ-এনডিপি, উপস্থিত ছিলেন সঞ্চালকের ভূমিকায় ছিলেন এনডিপি'র সহকারি ব্যবস্থাপক (শিক্ষা সহায়তা ও প্রতিবন্ধিতা উন্নয়ন) শিপন চন্দ্র নাগ। সভায় অতিথিবৃন্দ এনডিপির এই কার্যক্রমের প্রশংসা করেন এবং বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।



## বগুড়ায় ২টি শিক্ষা চর্চা কেন্দ্র উদ্বোধন

১৫ জানুয়ারি ২০১৮ এনডিপি বাস্তবায়িত শিক্ষা সহায়তা কর্মসূচি'র আওতায় বগুড়ায় ২টি নতুন শিক্ষা কেন্দ্র উদ্বোধন করা হয়েছে। ধুনট উপজেলার মথুরাপুর ইউনিয়নের গোপালপুর এবং রামবল্লভপুর গ্রামের শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন মথুরাপুর ইউনিয়নের চেয়ারম্যান মোঃ হারুন অর রশিদ সেলিম। প্রত্যেক শিশুর জন্য শিক্ষার অধিকার নিশ্চিত করতে বগুড়া জেলায় এই ২টি শিক্ষা সহায়তা কেন্দ্র বাড়ানো হয়েছে। যে সকল পরিবারের সন্তানদের গৃহশিক্ষক রেখে পড়ানোর সামর্থ্য নেই তাদেরকে এই বিদ্যালয়ে ভর্তি করে প্রাথমিক বিদ্যালয়ের প্রতিদিনের পড়া পড়িয়ে দেওয়া হয়। ফলে ছাত্র/ছাত্রীরা নিয়মিত পড়া তৈরি করতে পারায় আত্মবিশ্বাস বাড়ছে এবং ঝরে পড়া রোধ হচ্ছে। এছাড়া বিদ্যালয় গুলোতে ছাত্র/ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করার জন্য কেন্দ্রগুলোতে নিয়মিত মা-সমাবেশ, ত্রৈমাসিক কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভা, বাড়ি বাড়ি পরিদর্শন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ নুরুল নবী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, গোপালপুর খাদুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোঃ আমিনুর রহমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রামবল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোছাঃ আতিয়া সুলতানা বেলা সহকারী শিক্ষক রামবল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়। সভাপতিত্ব করেন মোঃ আবু সাঈদ (অবঃ প্রধান শিক্ষক এবং সিএমসি সভাপতি)। কেন্দ্র ২টিতে শিক্ষিকা হিসেবে দায়িত্ব পালন করবেন ফারজানা আক্তার সাথী এবং মোছাঃ সাইমা খাতুন। উল্লেখ্য এনডিপি ২০১০ সাল হতে নিজস্ব অর্থায়নে সিরাজগঞ্জ ও পাবনা জেলায় শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় ৪১টি শিক্ষা সহায়তা কেন্দ্র বাস্তবায়ন করছে। এরমধ্যে ৬টি প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্র ও ৩৫টি শিক্ষা চর্চা কেন্দ্র। প্রতিটি কেন্দ্রে ৪০ জন ছাত্র/ছাত্রী পড়াশুনা করছে।

## প্রবীণ কল্যাণ কর্মসূচি'র সদস্যদের জন্য বিশেষজ্ঞ ডাক্তার

২০১৫ সালে শুরু হলেও ২০১৬ সাল থেকে একজন বিশেষজ্ঞ ডাক্তার ও একজন প্যারামেডিক দ্বারা প্রবীণ কল্যাণ কর্মসূচি'র সদস্যদের বিনামূল্যে চিকিৎসা ও পরামর্শ দেওয়ার পাশাপাশি অতি প্রয়োজনীয় ঔষধপত্র বিতরণ করা হচ্ছে। বিশেষজ্ঞ ডাক্তার ক্যামেলিয়া রহমান (মেডিসিন) প্রবীণ মাঝে মাঝে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করছেন। বর্তমানে সিরাজগঞ্জ সদর হাসপাতালের ইমারজেন্সি মেডিকেল অফিসার ডাঃ মোঃ শামীমুল ইসলাম জানুয়ারি ২০১৮ থেকে প্রবীণদের সেবা প্রদান করছেন। প্রতি মাসে একবার বিকাল ০৪:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত রোগীদের এই চিকিৎসা সেবা দেওয়া হয়। এখানে রোগীদের বিনামূল্যে চিকিৎসা ছাড়াও ডায়াবেটিস পরীক্ষা, জ্বর, ঠান্ডা, কাশি, স্যালাইন ইত্যাদি ঔষধ প্রদান করা হয়। এছাড়া প্রতি সপ্তাহে মোছাঃ রুমা খাতুন (স্বাস্থ্য সহকারি, এনডিপি) ও সিরাজগঞ্জ ম্যাটসের প্রাক্তন শিক্ষক আলহাজ্ব মোঃ আব্দুল কাদের প্রবীণদের সাধারণ পরীক্ষা করেন। চিকিৎসা সেবা পেয়ে প্রবীণ সদস্যগণ তাদের অনুভূতিতে একজন বলেন- এনডিপি'র বাস্তবায়িত কর্মসূচি'র ফলে আমরা বয়স্ক ও অসহায় প্রবীণগণ প্রতিদিন বিকালে সদর থানা মোড়ে অবস্থিত এই কার্যালয়ে এসে ধর্মীয় বই ও পত্রিকা পড়ি এবং টিভি দেখার




পাশাপাশি চা পান করে বিনোদন পাই। ফলে আমাদের মানসিক অবসাদ দুর হচ্ছে। এজন্য আমরা এনডিপিকে ধন্যবাদ দেই।

## কৃষি উপকরণ প্রমোশন কর্মশালা



এনডিপি-পিসিএল বাস্তবায়িত Improve Livelihoods of the Farmers through Promotion of Quality Agro Inputs" প্রকল্পের উদ্যোগে ২১ জানুয়ারি ২০১৮ এনডিপি প্রধান কার্যালয়ে কৃষি উপকরণ প্রমোশন কর্মশালা অনুষ্ঠিত হয়। এনডিপি ও পিসিএল এর যৌথ উদ্যোগে কৃষকদের উৎপাদন বৃদ্ধি করতে মানসম্পন্ন সার ও বীজের ব্যবহার সম্পর্কে সচেতন করতে খুচরা বিক্রেতা, পিসিএল ও এনডিপি'র উর্ধতন কর্মকতা নিয়ে কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় এনডিপি'র নির্বাহী পরিচালক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রকল্পটি বাস্তবায়নে এনডিপি ও পিসিএল এর করণীয় এবং খুচরা বিক্রেতাদের দায়িত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার বিভিন্ন পর্যায়ে কৃকদের জন্য উচ্চমান সম্পন্ন সার ও বীজ ব্যবহারের উপর গুরুত্ব দেওয়া হয়। আলোচনা শেষে খুচরা বিক্রেতাগণ তাদের অভিজ্ঞতা, বাস্তবতা এবং করণীয় তুলে ধরেন। কর্মশালায় এনডিপি'র নির্বাহী পরিচালক বলেন-এনডিপি বর্তমানে উন্নয়নমূলক ৩০টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকায় নতুন একটি প্রকল্প কৃষকদের জন্য হাতে নেওয়া হয়েছে। এনডিপি মনে করে, কৃষক বাচঁলে দেশ বাচঁবে। তাই যদি কৃষকদের হাতে উন্নত সার ও বীজ তুলে দিতে আমরা সক্ষম হই তবে তাদের জীবনমানের যেমন উন্নতি ঘটবে তেমন দেশের জিডিপিতেও তারা ভূমিকা রাখতে পারবেন। পিসিএল এর রংপুর-বগুড়া অঞ্চলের বিক্রয় ব্যবস্থাপক বলেন-পিসিএল সবসময় পণ্যের গুনগতমানে বিশ্বাস করে। কৃষকরা এখন আর বোকা নন। কৃষকদের ঠকিয়ে কেউ ব্যবসাকে দীর্ঘস্থায়ী করতে পারবেন না। বর্তমানে বাজারজাতকৃত পিসিএল এর সকল পণ্যই মানসম্পন্ন। এই মান ধরে রাখতে পিসিএল অঙ্গীকারবদ্ধ।

## সাংস্কৃতি ও ক্রিড়া কর্মসূচির উদ্যোগে কামারখন্দে মিনি ম্যারাথন অনুষ্ঠিত



৪ মার্চ ২০১৮ এনডিপি'র উদ্যোগে সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি'র বাস্তবায়নে এবং কামারখন্দ উপজেলা ক্রীড়া সংস্থার সহযোগিতায় কামারখন্দ মিনি ম্যারাথন-২০১৮ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ-কামারখন্দ-০২ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য অধ্যাপক ডাঃ হাবিবে মিল্লাত মুন্না। ম্যারাথনে কামারখন্দ উপজেলার ৭টি বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ৫০ জন ছাত্র ও ৫০ জন ছাত্রী এবং উন্মুক্ত ৫০ জনসহ মোট ১৫০ জন ৪.৩ কিলোমিটার দৈর্ঘ্যের অংশগ্রহণ করেন। ম্যারাথন শেষে তিনটি গ্রুপে মোট ১৩ জনকে পুরস্কৃত করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য ম্যারাথন প্রতিযোগিতাটি আয়োজন করায় এনডিপি-সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন, কামারখন্দ থানার অফিসার ইনচার্জ মো. আবু ওবাইয়দা খান, হাজী কোরপ আলী মেমোরিয়াল ডিগ্রী কলেজের অধ্যক্ষ মো. মোকতেল হোসেন, উপজেলা ক্রীড়া সংস্থার সেক্রেটারি মো. আনোয়ার হোসেন খান, জামতৈল ইউপি চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন শেখ, ঝাঐল ইউপি চেয়ারম্যান মো. আলতাফ হোসেন ঠান্ডু, সিরাজগঞ্জ জেলা পরিষদের সদস্য মো. কামরুল হাসান (আমিনুল), এনডিপি'র পরিচালক (কর্মসূচি) শাহ আজাদ ইকবাল, সহকারি পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, সহকারি পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান প্রমুখ। এছাড়াও ৭টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য পিকেএসএফ ও এনডিপি'র যৌথ সহযোগিতায় এনডিপি ২০১৭ সাল থেকে কামারখন্দ ও সিরাজগঞ্জ সদর উপজেলায় কর্মসূচিটি বাস্তবায়ন করছে।

## নারীর জীবনমান উন্নয়নে কাজ করছে এনডিপি




৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০১৮ পালন উপলক্ষ্যে জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির উদ্যোগে সংস্থার প্রধান কার্যালয়ে গ্রামীণ নারীদের জন্য মন খুলে কথা বলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। "সময় এখন নারীর: উন্নয়নে তারা বদলে যাচ্ছে গ্রাম-শহরে কর্ম জীবনধারা" প্রতিপাদ্য বিষয় সামনে রেখে আশে পাশের গ্রামের শতাধিক নারী ও এনডিপি'র নারী ও অন্যান্য কর্মকর্তারা মিলে দিবসটি উদ্‌যাপন করেন।

দিবসে মন খুলে কথা বলা ফোরামে নারী কর্মীরা তাদের কর্মক্ষেত্রে নানামুখী সমস্যা ও চাহিদা তুলে ধরেন এবং আগত নারীরা তাদের জীবনের বাস্তব সমস্যা ও নারীর অধিকার, বাল্যবিবাহ, নারী নির্যাতন ইত্যাদি বিষয়ে মতামত উপস্থাপন করেন। বিকালে এনডিপির সকল কর্মী, বালুকোল ও বাগবাড়ী কিশোরী ক্লাবের সদস্য ও তাদের অভিভাবকদের অংশগ্রহণে শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি নির্বাহী পরিচালক, এনডিপি মোঃ আলাউদ্দিন খান নারীদের উপস্থাপিত সমস্যাগুলোর আলোকে এনডিপি বাস্তবায়িত জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচি'র বিভিন্ন কার্যক্রমের কথা উল্লেখ করেন। এছাড়াও এনডিপি বাস্তবায়িত অন্যান্য প্রকল্প/কর্মসূচি জেন্ডার সহিংসতা প্ররোধ প্রকল্প, সৌহার্দ্য-৩ ও সমৃদ্ধি কর্মসূচি'র ভূমিকা তুলে ধরেন তিনি আরো বলেন- প্রতিষ্ঠার শুরু থেকেই এনডিপি নারী-পুরুষের সমতাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। বর্তমানে এনডিপি একটি জেন্ডার সংবেদনশীল সংস্থা হিসেবে নারীর জীবনমান উন্নয়নে কাজ করছে। আগামীতে নারী উন্নয়ন প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ বৃদ্ধিতে আরো জোর দেওয়া হবে।

এনডিপি বার্তা
সংখ্যা ১৫। বর্ষ ৯। জানুয়ারী - মার্চ, ২০১৮

## "এনডিপি বার্তা" সংবাদ

এনডিপি আনন্দের সাথে জানাচ্ছে যে, এনডিপি বার্তা'র ১৩তম সংখ্যা থেকে বছরে ২টির পরিবর্তে ৪টি অর্থাৎ ত্রৈমাসিক হারে প্রকাশিত হচ্ছে। এনডিপি বাস্তবায়িত সকল কার্যক্রমের সংবাদগুলো দ্রুততম সময়ের মধ্যে প্রকাশের জন্য এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তাই ১৩তম সংখ্যা থেকে ১৬ পৃষ্ঠার পরিবর্তে ৮ পৃষ্ঠায় এনডিপি বার্তা প্রকাশিত হচ্ছে।

## ৫০০ শীতার্ত পরিবারের মাঝে কম্বল বিতরণ



১৫ জানুয়ারি ২০১৮ তারিখে এনডিপি'র নিজস্ব অর্থায়নে সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলায় মোট ৫০০টি দুঃস্থ শীতার্ত পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়। সদরের মেছড়া ও কাওকোলা ইউনিয়নের ২০০টি এবং কাজিপুরের সদর ও চরগিরীশ ইউনিয়নের ৩০০টি পরিবারকে এই সহায়তা প্রদান করা হয়। কাজিপুর উপজেলায় নির্বাহী কর্মকর্তা মোঃ শফিকুল ইসলাম উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন। এছাড়াও ইউপি চেয়ারম্যান টি এম আতিকুর রহমান নান্নু, ইউপি সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সদর উপজেলায় স্ব স্ব ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কার্যক্রমটি বাস্তবায়নে সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন সহকারি পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। উল্লেখ্য এনডিপি প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত পরিবারকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে।

### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) :৪,০০০.০০ টাকা প্রতিদিন

### খাদ্য

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৬০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৫০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা/কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | |
|---|---|
| সাধারণ নন এসি | : ৬০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (ভিআইপি) | : ১০০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| ডিলাক্স (এসি) | : ১,৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি (এসি) | : ১,২০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলেও যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

যোগাযোগ ঃ
ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org